Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 14 May, 2025

ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক রফিকুল আলম মজনু বলেছেন, ‘বাংলাদেশের সবচেয়ে বড় তরুণ শক্তি বিএনপিতে রয়েছে।যারা নিজেদের তরুণদের প্রতিনিধিত্বকারী দাবি করে, তারা ওয়ার্ড বা থানায় পাঁচ জন কর্মীও দেখাতে পারবে না, অথচ বড় বড় কথা বলছে।

বুধবার (১৪ মে) নয়াপল্টনে দলের কার্যালয়ে ঢাকায় আসন্ন ‘বিভাগীয় তারুণ্যের সমাবেশ’ সফল করতে আয়োজিত প্রস্তুতি সভায় তিনি এসব কথা বলেন।সমাবেশটি অনুষ্ঠিত হবে আগামী ২৮ মে।

তিনি জানান, গত ১৬ বছরে আন্দোলনে বিএনপির সহস্রাধিক নেতাকর্মী শহীদ হয়েছেন।শুধু জুলাই মাসেই প্রাণ গেছে ৪৫০ জনের বেশি নেতাকর্মীর।অথচ কেউ কেউ বলছে বিএনপির কোনও অবদান নেই—এটি ইতিহাস বিকৃতি।

তিনি আরও বলেন, গণতন্ত্র ও অধিকার ফিরিয়ে দিতে বছরের পর বছর সময় নেওয়া যাবে না।প্রয়োজনে বিএনপি চ্যালেঞ্জ জানাবে।তরুণদের পাশে থাকবে বিএনপি।

সভায় আরও বক্তব্য দেন মহানগর বিএনপির সদস্য সচিব তানভীর আহমেদ রবিন, যুবদল নেতা রবিউল ইসলাম নয়ন, স্বেচ্ছাসেবক দলের নেতা সাদ মোর্শেদ পাপ্পা সিকদার, ছাত্রদল নেতা আব্দুল হান্নান মজুমদার প্রমুখ।সভার সভাপতিত্ব করেন খন্দকার এনামুল হক, সঞ্চালনায় ছিলেন জহির উদ্দিন তুহিন।

বিএনপি ঢাকা মহানগর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 15:44

URL: https://timestodaybd.com/politics/7758072463